


সংবাদ

আজ বেরুচ্ছে মিনি বাংলাপিডিয়া

বহু প্রতীক্ষিত 'বাংলাপিডিয়া' বা আতীত বিশ্বকোষের মিনি মডেল এই আজ মুদ্রণপত্রটির প্রকাশিত হচ্ছে। বাংলাদেশ এনসাইক্লোপিডিয়া সোসাইটির ৯ম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে বিকেলে উন্মোচন করা হবে। এতে প্রধান অতিথি থাকবেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের 'পণ্ডিত ও পনার্থবিদ্যা গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক জামাল নজরুল ইসলাম। অনুষ্ঠানে সোসাইটির সাধারণ সম্পাদক অধ্যাপক শাহজাহান মিয়া বিবার্ষিক প্রতিবেদন পেশ করবেন, আর বাংলাপিডিয়ার বার্ষিক অগ্রগতি প্রতিবেদন-২০০১ উপস্থাপন করবেন এর প্রধান সম্পাদক অধ্যাপক সিরাজুল ইসলাম। -



রতিন আলোকচিত্রসহ অর্ফসেট কাগজে ছাপা এবং রেজিনে বাধাই এই মিনি মডেল গ্রন্থ থেকে ধারণা করা যাবে ২০০৩ সালের ৩রা জানুয়ারি প্রকাশিতব্য বাংলাপিডিয়ার আসল চেহারা কেমন হবে। মুম্বইতে অধ্যাপক সিরাজুল ইসলাম যেমন লিখেছেন, 'এ মিনি ডলিউম প্রকাশনার উদ্দেশ্য হলো বাংলাপিডিয়ার মুদ্রণ সফটওয়্যার দ্বারা তৈরি করছেন তাদের প্রতিশ্রুতি অর্জনের সুযোগ করে দেয়া এবং প্রকাশিতব্য বাংলাপিডিয়ার (১০ খণ্ড, কাগজ ও সিডিরমে) মুদ্রণ মান কেমন হবে সে সম্পর্কে সভা বা সংগ্রাহক

ব্যবহারকারীদের ধারণা দেয়া। মিনি এছের এন্ট্রিপলো বর্ণনামূলকভাবে সাজানো আছে। এতে প্রয়োজনানুযায়ী ম্যাপ, আলোকচিত্র ও কেচসহ দেশের ইতিহাস, ঐতিহ্য, সমাজ, অর্থনীতি, রাষ্ট্র, সরকার, বিজ্ঞান ও সংস্কৃতির বহুমাত্রিক বিঘ্যানি সন্নিবেশিত হয়েছে। প্রয়োজনা-নুসারে তথ্য সূত্রেরও উল্লেখ আছে। এর নামমাত্র মূল্য রাখা হয়েছে ১০০ টাকা এবং সোসাইটির বিক্রয় কাউন্টার থেকে তা ক্রয় করা যাবে। এটা নিম্নেন্বেদে সংগ্রহে রাখার মতো একটি গ্লিনিস। সংবাদ বিজ্ঞপ্তি।